“মুসলিমের লুঙ্গি অর্ধ গোছা পর্যন্ত ঝুলানো উচিত। গাঁটের উপর পর্যন্ত ঝুললে ক্ষতি নেই। যে অংশ লুঙ্গি পায়ের গাঁটের নিচে ঝুলবে, তা জাহান্নামে নিক্ষিপ্ত হবে। আর অহংকারবশত যে ব্যক্তি পায়ের গাঁটের নিচে ঝুলিয়ে লুঙ্গি পরবে, তার দিকে আল্লাহ (করুণার দৃষ্টিতে) তাকিয়ে দেখবেন না।”

আবূ সাঈদ আল-খুদরী রদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “মুসলিমের লুঙ্গি অর্ধ গোছা পর্যন্ত ঝুলানো উচিত। গাঁটের উপর পর্যন্ত ঝুললে ক্ষতি নেই। যে অংশ লুঙ্গি পায়ের গাঁটের
নিচে ঝুলবে, তা জাহান্নামে নিক্ষিপ্ত হবে। আর অহংকারবশত যে ব্যক্তি পায়ের গাঁটের
নিচে ঝুলিয়ে লুঙ্গি পরবে, তার দিকে আল্লাহ (করুণার দৃষ্টিতে) তাকিয়ে দেখবেন না।”
[সহীহ] [এটি আবূ দাউদ, ইবন মাজাহ ও আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করেছেন যে, মুসলিম পুরুষের ইজার (শরীরের নিচের অর্ধেক ঢাকার পোশাক; যেমন, লুঙ্গি পা পাজামা) এর তিনটি অবস্থা রয়েছে: প্রথমত: মুস্তাহাব হলো এটি পায়ের গোছার অর্ধেক পর্যন্ত হওয়া। দ্বিতীয়ত: যা জায়েজ এবং মাকরুহ নয়, তা হলো পায়ের গোড়ালি পর্যন্ত; গোড়ালি হলো সেই দুটি উঁচু হাড় যা পায়ের গোছা এবং পায়ের সংযোগস্থলে অবস্থিত। তৃতীয়ত: যা হারাম, তা হলো গোড়ালির নিচে ঝুলে থাকা, এবং এতে আশঙ্কা করা হয় যে তার উপর আগুন (জাহান্নামের) আযাব আসতে পারে। আর যদি এটি অহংকার বা দাম্ভিকতার কারণে হয়, তবে আল্লাহ তার দিকে (রহমতের দৃষ্টিতে) তাকাবেন না।

https://sunnah.global/hadeeth/bn/show/4964